**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# এপ্রিল মাসকে যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাস হিসেবে নির্ধারণ করে গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

***স্বীকৃতিস্বরূপ স্টেটের বিখ্যাত স্থানগুলো আজ রাতে গাঢ় সবুজ আলোয় আলোকিত করা হবে***

***কলেজ ক্যাম্পাসগুলোতে যৌন নিপীড়ন প্রতিরোধ করতে এবং এর প্রতি সাড়াদান করতে দুইটি সংস্থা 750,000 ডলার অনুদান দিয়েছে***

***স্টেট মাসব্যাপী "আলোচনার শুরু: যৌন নিপীড়নের বিরুদ্ধে নিউ ইয়র্কবাসী" ক্যাম্পেইন চালু করেছে***

***ঘোষণাপত্র এখানে পাওয়া যাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ এপ্রিল মাসকে নিউ ইয়র্ক স্টেটে যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাস হিসেবে নির্ধারণ করে একটি ঘোষণাপত্র জারি করেছেন। এর স্বীকৃতিস্বরূপ, আজ 5 এপ্রিল রাতে স্টেটের বিখ্যাত স্থানগুলো গাঢ় সবুজ রঙে আলোকিত করা হবে। গভর্নর আরো ঘোষণা করেছেন যে কলেজ ক্যাম্পাসগুলোতে যৌন সহিংসতা নির্মূল করতে সাহায্য করার জন্য এবং ভুক্তভোগীদের জরুরি সহায়তা প্রদানের জন্য দুইটি সংস্থাকে 750,000 ডলারের এনাফ ইজ এনাফ প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা কেন্দ্র (Enough is Enough Training and Technical Assistance Center) অনুদান বরাদ্দ প্রদান করা হয়েছে। অনুদান গ্রহীতারা হচ্ছে নিউ ইয়র্ক স্টেট যৌন নিপীড়ন বিরোধী কোয়ালিশন (New York State Coalition Against Sexual Assault) এবং নিউ ইয়র্ক সিটি যৌন নিপীড়ন বিরোধী মৈত্রী (New York City Alliance Against Sexual Assault)। এই ঘোষণাপত্র জারি এবং অনুদান বরাদ্দ করার সাথে একই সময়ে, স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর (Office for the Prevention of Domestic Violence) একটি মাস-ব্যাপী জনসচেতনতামূলক ক্যাম্পেইন চালু করছে যার শিরোনাম হলো: "আলোচনার শুরু: যৌন নিপীড়নের বিরুদ্ধে নিউ ইয়র্কবাসী।"

"যৌন নিপীড়ন নির্মূলের কাজ শুরু হয় সংস্কৃতি পরিবর্তনের মধ্য দিয়ে—এসব সমস্যার গুরুতর দিককে সামনে নিয়ে আসে এমন আলাপচারিতায় উৎসাহিত করা, অন্যদের সুরক্ষিত রাখার জন্য আমাদের সম্মিলিত দায়বদ্ধতাগুলোর প্রসার ঘটানো, এবং ভুক্তভোগীরা নিরাপদ অনুভব

করেন এমন একটি পরিবেশ তৈরি করা," **বলেছেন গভর্নর হোকল।** "আজ, এপ্রিলকে যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাস হিসেবে স্বীকৃতি দিয়ে একটি ঘোষণা জারি করে, আমাদের কলেজ ক্যাম্পাসগুলিকে সুরক্ষিত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ সংস্থাগুলিতে বিনিয়োগ করে, এবং এসব বিষয়ে ফলপ্রসূ সম্পৃক্ততাকে স্বাভাবিক বিষয়ে পরিণত করার জন্য স্টেটব্যাপী জনসচেতনতা সংক্রান্ত প্রচারাভিযান শুরু করতে পেরে আমি গর্বিত, এবং সেইসাথে আমরা জনগণকে সুরক্ষিত রাখা এবং বেঁচেফিরে আসা ব্যক্তিদের ক্ষমতায়নের ক্ষেত্রে বড় ধরনের অগ্রগতি অর্জন করা অব্যাহত রাখবো।"

এনাফ ইজ এনাফ প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা (TTA) কেন্দ্র ধর্ষণ সংকট ও যৌন নিপীড়ন সম্পর্কিত পরিষেবা কর্মসূচিগুলোর সাথে কাজ করে, যেগুলো কলেজগুলোকে 2015 সালে স্বাক্ষরিত হওয়া এনাফ ইজ এনাফ আইনের অধীনে সাড়াদান, প্রশিক্ষণ, ও প্রতিরোধের বাধ্যবাধকতাগুলো বাস্তবায়ন করতে সহায়তা প্রদান করে। স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) অংশীদারিত্বে OPDV-এর অর্থায়নে পরিচালিত এই TTA সেন্টার কলেজ ক্যাম্পাসগুলোতে যৌন নিপীড়ন নির্মূল করার জন্য এবং ভুক্তভোগীদের সহায়তা প্রদান করার জন্য সাহায্য করতে স্টেটব্যাপী সিস্টেমের সক্ষমতা বৃদ্ধি করবে। এনাফ ইজ এনাফ এর অর্থায়নে পরিচালিত কর্মসূচিগুলো লিঙ্গ-ভিত্তিক সহিংসতার মূল কারণসমূহ অনুধাবন, প্রত্যক্ষদর্শীদের হস্তক্ষেপ করতে উৎসাহিত করা, এবং সুস্থ সম্পর্ক স্থাপনে উৎসাহিত করার উপর জোর দিয়ে শিক্ষামূলক কর্মসূচির মাধ্যমে ক্যাম্পাসে ঘটা যৌন সহিংসতা প্রতিরোধ করতে কাজ করে থাকে। এসব কর্মসূচি শিক্ষার্থী ভুক্তভোগীদের মানসিক আঘাত সংক্রান্ত অবহিত পরামর্শ, কাউন্সেলিং, কেস ব্যবস্থাপনা, ও সুরক্ষা পরিকল্পনা পরিষেবা প্রদান করে থাকে।

OPDV-এর মাসব্যাপী সচেতনতামূলক ক্যাম্পেইন—"আলোচনার শুরু: যৌন নিপীড়নের বিরুদ্ধে নিউ ইয়র্কবাসী"—যৌন সহিংসতার ব্যাপকতা, তীব্রতা ও দীর্ঘস্থায়ী প্রভাব, যৌন সহিংসতা সম্পর্কে উন্মুক্ত সংলাপের প্রসার ঘটানোর গুরুত্ব, এবং এই বিষয়ে ব্যক্তিদের সম্পৃক্ত হওয়ার ফলপ্রসূ উপায়সমূহ সম্পর্কে আলোকপাত করার জন্য টুইটার (Twitter), ফেসবুক (Facebook), ও ইনস্টাগ্রাম (Instagram) ব্যবহার করবে। সেইসাথে, সংস্থাটি পুরুষত্ব এবং কলেজ ক্যাম্পাসগুলোতে যৌন সহিংসতা নির্মূল করায় পুরুষের ভূমিকা সম্পর্কে একটি প্যানেল আলোচনার আয়োজন করবে। এই প্যানেল যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাসে অনুষ্ঠিত হবে, এবং একই সময়ে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা নির্মূল করার উদ্দেশ্যে পুরুষ ও ছেলেদের সম্পৃক্ত ও তালিকাভুক্ত করার একটি সম্প্রসারিত, বছর-ব্যাপী ক্যাম্পেইনের সাথে একই সময়ে ঘটবে। সবশেষে, OPDV সাধারণ জনগণের জন্য যৌন সহিংসতা 101 প্রশিক্ষণ সিরিজ চালু করছে। এ মাসের ক্রিয়াকলাপ সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

স্টেটের যেসব বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং

- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- এরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

**ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন**, "যৌন নিপীড়ন নির্মূল করার জন্য আমাদের সবাইকে ভূমিকা পালন করতে হবে, কিন্তু আমাদের প্রথমে এটির ব্যাপকতা স্বীকার করে নিতে হবে। আমাদের অবশ্যই ভুক্তভোগীদের সহায়তা করার জন্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা নির্মূল করার জন্য ব্যক্তি পর্যায়ে আমরা কী ভূমিকা রাখতে পারি সে সম্পর্কে আলোচনা শুরু করতে হবে। এপ্রিল মাসকে যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাস ঘোষণা করায় এবং নিউ ইয়র্ক তাদের সহায়তা করার জন্য পাশে আছে বলে ভুক্তভোগীদেরকে জানিয়ে দেয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

**স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন,** "এপ্রিল মাসকে যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাস হিসেবে স্বীকৃতি দেয়া এবং একটি জনস্বাস্থ্য সমস্যা হিসেবে বিষয়টিকে স্বীকৃতি দেয়ার পদক্ষেপ গ্রহণ করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। প্রশিক্ষণ ও সহায়তা কেন্দ্রের জন্য নতুন অনুদান বরাদ্দ করা এই বিষয়ের প্রতি অঙ্গীকারাবদ্ধতাকে তুলে ধরেছে। নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের সাথে অংশীদার হয়ে আমাদের এনাফ ইজ এনাফ কর্মসূচি লিঙ্গ-ভিত্তিক সহিংসতার মূল কারণগুলো সম্পর্কে শিক্ষাদানের মাধ্যমে কলেজ ক্যাম্পাসগুলোতে যৌন সহিংসতা প্রতিরোধ করার প্রতি মনোযোগী হবে।"

**অফিস অব ভিক্টিম সার্ভিসেস (Office of Victim Services)-এর ডিরেক্টর এলিজাবেথ ক্রোনিন বলেন,** "নিউ ইয়র্ক স্টেটে যৌন নিপীড়নের শিকার হওয়া ভুক্তভোগীরা যাতে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য পরিষেবা পান তা নিশ্চিত করতে তার দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। ভুক্তভোগীদের সহায়তা প্রদান করা এবং ক্যাম্পাসে ও ক্যাম্পাসের বাইরে সহায়তার প্রয়োজনের উপর আলোকপাত করার কাজে স্টেটের প্রচেষ্টায় যোগদান করতে পেরে আমরা গর্বিত।"

**ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর কমিশনার রোজানা রোসেডো বলেন,** "যৌন নিপীড়ন ও ঘরোয়া সহিংসতার ভুক্তভোগী ও

বেঁচে ফিরে আসা ব্যক্তিদের জন্য ধর্ষণ সংকট কর্মসূচি ও পরিষেবাগুলোর জন্য গুরুত্বপূর্ণ স্টেট ও ফেডারেল তহবিল বরাদ্দ করতে আমাদের সম্পন্ন করা কাজের ব্যাপারে DCJS-তে আমরা গর্বিত। এছাড়াও আমরা হাসপাতালগুলোতে ও অন্য সেবা প্রদানকারীদের কাছে বিনামূল্যে যৌন অপরাধের প্রমাণ সংগ্রহের কিট বিতরণ করে থাকি; এটি প্রমাণ সংরক্ষিত থাকা নিশ্চিত করে যদি ও যখন কোনো ব্যক্তি আইন প্রয়োগকারী সংস্থার কাছে রিপোর্ট করার সিদ্ধান্ত গ্রহণ করেন সে সময়ের জন্য। এই গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্বদানকে আমরা সাধুবাদ জানাই এবং ভুক্তভোগীদের সহায়তা করার জন্য আমাদের অংশীদার সংস্থাগুলোর সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

**নিউ ইয়র্ক স্টেট যৌন নিপীড়ন বিরোধী কোয়ালিশনের এক্সিকিউটিভ ডিরেক্টর জোয়ান জ্যানোনি বলেন,** "যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতা ও প্রতিরোধের মাসকে স্বীকৃতি দেয়ার এই সময়ে, আমি সরকারের সর্বোচ্চ পর্যায়ে হওয়া অগ্রগতির জন্য, যেমন মহিলাদের বিরুদ্ধে সহিংসতা আইন (Violence Against Women Act) সম্প্রতি পুনরায় অনুমোদিত হওয়ার জন্য, কৃতজ্ঞতা প্রকাশ করছি। এছাড়াও গভর্নর হোকলের, এবং নিউ ইয়র্ক স্টেটের নীতি নির্ধারকদের প্রচেষ্টার জন্যেও আমি কৃতজ্ঞ, যারা যৌন নিপীড়নের ভুক্তভোগীদের সুস্থ হয়ে উঠার জন্য প্রয়োজনীয় পরিষেবা পাওয়া নিশ্চিত করতে তাদের অঙ্গীকারাবদ্ধতা প্রদর্শন করেছেন। যৌন সহিংসতা একটি মহামারী হিসেবে রয়ে গেছে যা প্রতিটি জনগোষ্ঠীকে ক্ষতিগ্রস্ত করছে, এবং এই ক্ষতি দূর করতে আমাদের সবাইকে ভূমিকা রাখতে হবে।"

**নিউ ইয়র্ক সিটি যৌন নিপীড়ন বিরোধী মৈত্রী-এর এক্সিকিউটিভ ডিরেক্টর এমিলি মাইলস বলেন,** "যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতার মাসে আমরা নিজেদের জীবনকালে যৌন সহিংসতার শিকার হওয়া প্রতি তিন জনে একজনেরও বেশি মহিলা এবং প্রতি চার জনে একজন পুরুষের কথা ভাববো। যৌন সহিংসতার গভীর প্রভাব লিঙ্গ, জাতি, বয়স, যৌন অভিমুখীতা, বা সক্ষমতা নির্বিশেষে সকল কমিউনিটিকে ক্ষতিগ্রস্ত করছে। সকল ভুক্তভোগীর কাছে মানসিক আঘাত সম্পর্কে অবহিত, ভুক্তভোগী-কেন্দ্রিক পরিষেবা পৌঁছে দেয়ার জন্য এবং ভবিষ্যতে যৌন সহিংসতার ঘটনা প্রতিরোধ করার প্রচেষ্টা জোরদার করার জন্য আমাদের অবশ্যই একসঙ্গে কাজ করতে হবে। সকল কমিউনিটিতে যৌন সহিংসতার প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং এটি কিভাবে প্রতিরোধ করতে হবে সে সম্পর্কে প্রশিক্ষণ, শিক্ষা, ও সংস্থানসমূহ প্রদান করার কাজে গভর্নর হোকলের পাশে থাকতে পেরে নিউ ইয়র্ক সিটি যৌন নিপীড়ন বিরোধী মৈত্রী গর্বিত।"

2015 সালের জুলাই মাসে, কলেজ ক্যাম্পাসগুলোতে যৌন নিপীড়ন, ডেটিং সহিংসতা, ঘরোয়া সহিংসতা, ও স্টকিং মোকাবেলার জন্য নিউ ইয়র্ক এনাফ ইজ এনাফ প্রতিষ্ঠা করে। এনাফ ইজ এনাফ ছিল দেশের প্রথম আইন যেখানে নিম্নলিখিত বাধ্যবাধকতা আরোপ করা হয়: সব কলেজ একগুচ্ছ সমন্বিত কর্মপদ্ধতি ও নির্দেশনা; ইতিবাচক সম্মতির একটি সর্বজনীন সংজ্ঞা; যৌন নিপীড়নের ঘটনা সম্পর্কে রিপোর্টকারী প্রত্যক্ষদর্শী বা ভুক্তভোগীদের জন্য স্টেটব্যাপী সাধারণ ক্ষমার নীতি; এবং একজন শিক্ষার্থীর অধিকারের বিল বাস্তবায়ন করতে হবে। NYS ধর্ষণ সংকট কর্মসূচিকে আইনি আবশ্যিকতাগুলো বাস্তবায়নে কলেজগুলোকে সহায়তা করা এবং কলেজ ক্যাম্পাসগুলোতে ভুক্তভোগীদের সহায়তা প্রদান করার জন্য 2015 সালে এনাফ ইজ এনাফ অনুদান কর্মসূচি তৈরি করা হয়।

ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর হলো ঘরোয়া সহিংসতার সমস্যার জন্য নিবেদিত এক্সিকিউটিভ পর্যায়ের দেশের একমাত্র স্টেট সংস্থা। স্টেটের ঘরোয়া ও যৌন সহিংসতা বিষয়ক হটলাইন বেশিরভাগ ভাষায় 24/7, গোপনে, ও বিনামূল্যে লভ্য রয়েছে: 800-942-6906 (ফোন), 844-997-2121 (টেক্সট) বা opdv.ny.gov (চ্যাট)। আলোচনার শুরু হচ্ছে কঠিন বিষয়গুলো নিয়ে সক্রিয়ভাবে আলোচনায় সম্পৃক্ত হওয়ার জন্য কমিউনিটির প্রতি আহবান জানানোর মাধ্যমে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার মহামারির বিরুদ্ধে লড়াইয়ের জন্য OPDV-এর বছর-ব্যাপী প্রচারাভিযান।

অফিস অব ভিক্টিম সার্ভিসেস স্টেটব্যাপী 200টিরও বেশি কর্মসূচির একটি নেটওয়ার্কের জন্য অর্থায়ন করে থাকে যা অপরাধের ভুক্তভোগীদের ও বেঁচে ফিরে আসা ব্যক্তিদের এবং তাদের পরিবারের সদস্যদের সহায়তা প্রদান করে থাকে। লভ্য পরিষেবাগুলো সম্পর্কে আরো জনাতে ovs.ny.gov/connect ওয়েবসাইট দেখুন। সেইসাথে, সংস্থাটি মেডিকেল সেবা প্রদানকারীদেরকে ফরেনসিক রেপ পরীক্ষার (FRE) জন্য সরাসরি অর্থ পরিশোধ করে থাকে যদি যৌন নিপীড়নের শিকার ভুক্তভোগীর বেসরকারি স্বাস্থ্য বিমার অ্যাক্সেস না থাকে অথবা পরীক্ষা করানোর জন্য তাদের বেসরকারি স্বাস্থ্যসেবা বিমা ব্যবহার করতে না চান। এই পদক্ষেপ সংস্থাটির সর্বশেষ উপায় হিসেবে পরিশোধকারী নিয়মের একটি ব্যতিক্রম এবং ভুক্তভোগীদের ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা করে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন